



Johan Cruyff Quotes

1

ফুটবল খেলা খুব সহজ, কিন্তু সহজ ফুটবল খেলা সবচেয়ে কঠিন

2

মাঠে বল একটাই, তাই সেটা নিজেদের কাছে রাখো

3

নিশ্চিত করতে হবে, বিপক্ষের সবচেয়ে বাজে খেলোয়াড় যাতে সবচেয়ে বেশি বল পায়, তুমি খুব সহজেই বল ফেরত পাবে

4

আমার অবাক লাগে, যখন স্ট্র্যাটস দিয়ে প্রতিভাদের বাতিল করে দেয়া হয়। স্ট্র্যাটস দেখলে আমিও বাদ পড়ে যেতাম। আমার বয়স যখন ১৫, আমি ডানপায়ে ২০ মিটার আর বাম পায়ে ১৫ মিটারের বেশি দূরে বল পাঠাতে পারতাম না। আমার কোয়ালিটি ছিল স্কিল আর ভিশন, কোন কম্পিউটারের সেটা ধরার ক্ষমতা নেই

5

যখন তোমার কাছে বল থাকবে, মাঠটাকে যতটা সম্ভব বড় করে ফেল। আর যখন থাকবে না, তখন মাঠটাকে যতটা পারো ছোট করে ফেল

6

আমার দলে আক্রমণ শুরু করে গোলকিপার, আর স্টাইকার হল প্রথম ডিফেন্ডার

7

৯০ মিনিটের খেলায় একজন প্লেয়ারের কাছে বল থাকে ৩ মিনিট, তাই সবচেয়ে গুরুত্বপূর্ণ হল, বাকি ৮৭ মিনিটের খেলা, যখন তোমার কাছে বল নেই। তুমি ভাল খেলোয়াড় কিনা, এই সময়টুকুই সেটা ঠিক করে দেয়

8

গতি আসলে কি? মিডিয়া অনেক সময়েই চতুরতা আর গতিকে মিশিয়ে ফেলে। তুমি যদি বিপক্ষের চেয়ে খানিকটা আগে দৌড়োতে শুরু কর, তোমাকে গতিময় মনে হবে

9

অযোগ্য নেতারা কেবল টিমমেটরা ভুল করলে তাদের উপর একহাত নেয়। সত্যিকারের নেতারা ধরেই নেয়, সতীর্থরা ভুল করবে

10

১০০০ বার বল জাগল করাটা স্কিল না, প্র্যাকটিস করলে যে কেউ করতে পারবে, তারপর সার্কাসেও কাজ করতে পারবে। আসল স্কিল হল এক টাচে বলটা পাস করা, আর টিমমেটের ডান পায়ে ফেলা

Johan Cruyf More Quotes: